# বাংলাদেশ পাট কর্পোরেশন

# বাজেট
## ২০২৪-২৫



**মনিটরিং সেল**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mof.gov.bd

# বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)

## ১. ভূমিকা

১৯৮৩ সালে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান পুনর্গঠন কমিটির সুপারিশ অনুযায়ী ১৯৮৫ সালে ৩০নং অধ্যাদেশ বলে ৫ টি সংস্থা যথা: (১) বাংলাদেশ জুট মার্কেটিং করপোরেশন, (২) বাংলাদেশ জুট ট্রেডিং করপোরেশন, (৩) বাংলাদেশ জুট এক্সপোর্ট করপোরেশন, (৪) এপিসি (রেলি) এবং (৫) বিশেষ সম্পত্তি (পাট) সেলকে একত্রিত করে 'বাংলাদেশ জুট করপোরেশন (বিজেসি)' গঠন করা হয়। এ কর্পোরেশনের মূখ্য উদ্দেশ্য ছিল পাট চাষিদের উৎপাদিত পাটের ন্যায্য মূল্য নিশ্চিত করা, চোরাচালান রোধকল্পে সীমান্তবর্তী এলাকায় পাট ক্রয় ও গুদামজাতকরণ, পাটের বাজার মূল্য স্থিতিশীল রাখা এবং বিদেশে পাট রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করা। সরকারের বিরাষ্ট্রীয়করণ নীতিমালার আলোকে বিগত ১২.১০.১৯৯৩ তারিখে এ করপোরেশনের যাবতীয় কার্যক্রম বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে সংস্থার যাবতীয় সম্পত্তি দেখাশোনা, রক্ষণাবেক্ষণ ও বিক্রয় করার জন্য শুধুমাত্র ২৪৪ জনবলের একটি বিলুপ্ত সেল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## ২. রূপকল্প (Vision)

বিজেসির সকল ভূ-সম্পত্তির স্বার্থ সংরক্ষণ এবং বিলুপ্ত সংস্থার কর্মচারীদের দায়-দেনা পরিশোধ করা।

## ৩. অভিলক্ষ্য (Mission)

বিলুপ্ত বিজেসির সকল ভূ-সম্পত্তির ব্যবস্থাপনা, বিজেসির বিরুদ্ধে দায়েরকৃত মামলা সমূহের সঠিকভাবে মনিটরিং করা ও মামলার রায় বিজেসির অনুকূলে আনয়ন করা এবং বিজেসির যে সকল সম্পত্তি বিক্রয় কার্যক্রম অসমাপ্ত অবস্থায় রয়েছে সে সকল সম্পত্তি বিজেসির নিকট প্রত্যাবর্তন করে ভাড়ার আওতায় আনয়ন করা।

## ৪. প্রধান কার্যাবলী

- বিজেসির যে সকল সম্পত্তি এখনও ভাড়াবিহীন অবস্থায় আছে, সে সকল সম্পত্তি ভাড়ার আওতায় এনে সংস্থার তথা সরকারের রাজস্ব বৃদ্ধি করা এবং পূর্বের এক কক্ষের বার্ষিক ভাড়া ৭০০/- টাকার স্থলে মাসিক ভাড়া ৫০০/- টাকায় নির্ধারণ। এ ছাড়াও একজন ভাড়াটিয়ার অনুকূলে দুই কক্ষের অধিক লিজ পদান না করা;
- বিজেসির সকল সম্পত্তির বিবরণ সংস্থার ওয়েব সাইটে প্রকাশ করা;
- বিজেসির সম্পত্তি ভাড়া নেয়ার ক্ষেত্রে নির্ধারিত আবেদন পত্রের ছক ওয়েব সাইটে প্রকাশ করা;
- বিজেসির যে সকল সম্পত্তি বিক্রয় কার্যক্রম অসমাপ্ত অবস্থায় আছে, সে সকল সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করে ওয়েব সাইটে প্রকাশ করা এবং নুতন করে লিজের আওতায় আনা;
- বিজেসির চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ জেলায় অবস্থিত রেলি কুলি লাইনে বসবাসকারীদের তালিকা জাতীয় পরিচয় পত্রের নং সন্নিবেশিত করে সকলকে/হোল্ডিং অনুযায়ী ভাড়ার আওতায় আনা;
- বিজেসির যে সকল সম্পত্তি অবৈধ দখলে রয়েছে সে সকল সম্পত্তি হ'তে অবৈধ দখলদার উচ্ছেদ করে ভাড়ার আওতায় আনা। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে প্রায় ১৫ একর সম্পত্তি অবৈধ দখলদারদের নিকট হ'তে সংস্থার দখলে এনে ভাড়া দেয়া হয়েছে। পূর্ববর্তী ভাড়াটিয়ার সংখ্যা ২৮ জনের স্থলে বর্তমানে ভাড়াটিয়ার সংখ্যা ৪৪৪ জন।

## ৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- বিজেসি তথা সরকারের স্বার্থ অক্ষুন্ন রেখে লিজ চুক্তির শর্তাবলী পুনঃবিন্যাস, সংযোজন ও বিয়োজন করা;
- অসমাপ্ত বিক্রয় প্রক্রিয়া রদ করে সকল সম্পত্তি বিজেসির নিকট প্রত্যাবর্তনের ব্যবস্থা করা;
- বেদখলকৃত সম্পত্তিসমূহ দখলকারীদের নিকট হ'তে সংস্থার দখলে আনা এবং উক্ত সম্পত্তি লিজ চুক্তির আওতাভুক্ত করা;
- বিজেসির গচ্ছিত অর্থ (এফডিআর) এবং বাৎসরিক লিজকৃত অর্থ দুইটি ভিন্ন ব্যাংক হিসাবে জমা করার ব্যবস্থা করা এবং আয়-ব্যয়ের স্বচ্ছতা বিধান করা; **এবং**
- বিজেসির সকল সম্পত্তিতে মালিকানা সংক্রান্ত সাইনবোর্ড স্থাপন করে সর্বসাধারণের জন্য প্রদর্শনের ব্যবস্থা করা।

## ৬. বিগত তিন বছরের অর্জন সমূহ

- বিগত তিন বছরে বিভিন্ন আদালতে বিচারাধীন মোট ৪৭ টি মামলার রায় হয়েছে। উক্ত রায়ের মধ্যে ৩৫টি মামলার রায় সংস্থার পক্ষে এবং ১২টি মামলার রায় সংস্থার বিপক্ষে হয়েছে; এছাড়াও ৩৭ নং দিলকুশা বাণিজ্যিক এলাকায় অবস্থিত ০.৬১৩৫ একর সম্পত্তির মালিকানা বিষয়ে বিজেসি কর্তৃক মাননীয় আদালতে বিজেএমসির বিরুদ্ধে ৯১/১৭ নং মামলা দায়ের করা হয়েছে। যা বর্তমানে বিচারাধীন আছে।
- পাট পাতা থেকে চা উৎপাদনের লক্ষ্যে বিজেসির জামালপুর জেলাসর সরিষাবাড়ী উপজেলায় অবস্থিত ৭.৬০ একর সম্পত্তি মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী বিজেএমসির নিকট হস্তান্তর করা হয়েছে;
- প্রত্যেক বছরে ৬ মার্চ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ‘জাতীয় পাট দিবস’ এর সকল কার্যক্রমে বিজেসি সক্রিয়ভাবে অংশগ্রহণ করে আসছে;
- চট্টগ্রামে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পে রেলি প্রেস হাউজ হ’তে ০.৪২১৩ একর জমি হস্তান্তর করা হয়েছে;
- লিজ প্রদানের জন্য নির্ধারিত ছক প্রণয়ন, আবেদনপত্রের সাথে ১০০/-টাকার পে-অর্ডার সংযোজন, জাতীয় পরিচয় পত্র নম্বর সন্নিবেশন ও সংযোজন। আবেদনকারীর ফটো ও মোবাইল নম্বর সন্নিবেশন এবং ০২ মাসের ভাড়ার সমপরিমাণ টাকা জামানত হিসাবে রাখা।

## ৭. সংস্থার Key Performance Indicators (KPI)

- “সোনালী আঁশের সোনার দেশ পাট পণ্যের বাংলাদেশ” এ সোনালী আঁশের উৎপাদন বৃদ্ধি না পেলে কৃষকের পাট মূল্য নিশ্চিতকরণের জন্য সরকার তথা বিজেসি কর্তৃক পাট ক্রয় কার্যক্রমে অংশগ্রহণ করা প্রয়োজন;
- কৃষকগণকে পাট চাষে উৎসাহিত করা গেলে একদিকে যেমন পাটের উৎপাদন বাড়বে অন্যদিকে তেমনি পাট জাত পণ্য থেকে বৈদেশিক মুদ্রা আয় করা সম্ভব;
- এক সময় পাটই ছিল বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল। কিন্তু সময়ের বিবর্তনের কারণে আজ পাটের জায়গায় গার্মেন্টস স্থান করে নিয়েছে। গার্মেন্টস শিল্প থেকে বৈদেশিক অর্জন মাত্র ২৫%। পক্ষান্তরে পাট যেহেতু এদেশেই উৎপাদন হয় সে কারণে পাট থেকে ১০০% আয় করা সম্ভব।

## ৮. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- ১৯৯৩ সালের ২৪ নং আইন অনুযায়ী বাংলাদেশ জুট করপোরেশন একটি বিলুপ্ত কর্পোরেশন। ফলে আর প্রকৃত কোন অফিস কার্যক্রম নেই। আইনগত সীমাবদ্ধতা আছে;
- জনবল স্বল্পতার কারণে বিজেসির কাজকর্ম সঠিকভাবে/ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না;
- বিজেসির যে সকল সম্পত্তি অবৈধ দখলে রয়েছে সে সকল সম্পত্তি অবৈধ দখলমুক্ত করা; এবং
- মামলা পরিচালনা ক্ষেত্রে আইনজীবিদের সন্মানী ভাতার হার স্বল্পতার কারণে ভাল আইনজীবি না পাওয়ার মামলাসমূহ নিস্পত্তিতে দীর্ঘ সূত্রিতার সৃষ্টি হচ্ছে।

## ৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- বাংলাদেশ জুট কর্পোরেশন চালু থাকা অবস্থায় সরকারী আদেশে ১৯৯৩ সনে বিলুপ্ত ঘোষণা করা হয়। সংস্থাটি বিলুপ্ত ঘোষনা করা হলেও বর্তমানে বিজেসির ১৬৪ টি অংগন অবিক্রিত অবস্থায় আছে। বর্তমানে বিশ্বে সিনথেটিক ব্যবহার ক্রমান্বয়ে কমে আসছে এবং তদস্থলে পাট স্থান করে নেয়ায় পাটের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্হিবিশ্বে পাটের চাহিদা বৃদ্ধি পেলেও আশানুরুপভাবে পাটের উৎপাদন বাড়ছে না। তাই পাটের ফলন বৃদ্ধির জন্য পাট চাষীদেরকে একদিকে যেমন পাট চাষে উৎসাহিত করা উচিৎ অন্যদিকে

তেমনি পাট চাষীদের ন্যায্য মূল্য নিশ্চিত করা। পাট চাষীদের ন্যায্য মূল্য নিশ্চিত করতে হলে বিজিসিকে পুনরায় চালু করে বিজেসির মাধ্যমে পাট ক্রয় কার্যক্রম শুরু করা যেতে পারে;

- বিজেসির বর্তমানে যে সকল ক্রয়কেন্দ্র রয়েছে তা দিয়ে ক্রয় কার্যক্রম পরিচালনা করা সম্ভব। বর্তমানে দেশে প্রায় ৯২ লক্ষ বেল পাট উৎপাদিত হচ্ছে। উক্ত উৎপাদন বাড়িয়ে ১ থেকে দেড় কোটি বেল পাট উৎপাদন করতে হলে পাট চাষীদের ন্যায্য মূল্য নিশ্চিত করার ক্ষেত্রে সরকারিভাবে তথা বিজেসির মাধ্যমে পাট ক্রয় কার্যক্রম করা আবশ্যক। তাই সরকারের অনুমোদন পাওয়া গেলে বিজিসিকে পুনঃগঠন করে বিজেসির মাধ্যমে কৃষকদের পাটের ন্যায্য মূল্য নিশ্চিত করা যাবে।

**১০. সংস্থার ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলিত, ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০২২-২৩ অর্থ বছরের মোট আয়, মোট ব্যয়, নিট মুনাফা/ (ঘাটতি) নিম্নরূপ:**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৪-২৫ | সংশোধিত বাজেট ২০২৩-২৪ | অনুমোদিত বাজেট ২০২৩-২৪ | সাময়িক ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | মোট আয় | ৫০৭.০০ | ৫৩৯.০০ | ৫৩৯.০০ | ৫০২.০০ |
| ২. | মোট ব্যয় | ৪৫৭.৫৬ | ৪৬১.০৬ | ৪৭৫.৬১ | ২৪৪.৪৯ |
| ৩. | নিট মুনাফা/(ঘাটতি) | ৪৯.৪৪ | ৭৭.৯৪ | ৬৩.৩৯ | ২৫৭.৫১ |

## ১১. বাজেট পর্যালোচনা

### ক. পরিচালন বৃত্তান্ত

বিলুপ্ত সেলের প্রশাসনিক কার্যক্রম ও সংস্থার স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও বিক্রয়ের যাবতীয় কার্যক্রম নির্বাহের জন্য ২০২২-২৩ অর্থবছরে প্রশাসনিক ব্যয়ের পরিমাণ ছিল ২.৪৪ কোটি টাকা। অপরদিকে ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার কার্যক্রম পরিচালন বাবদ যথাক্রমে ৪.৬১ কোটি ও ৪.৫৮ কোটি টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়, যার সম্পূর্ণ অংশই প্রশাসনিক ব্যয় হিসেবে প্রাক্কলন করা হয়েছে। তবে সংস্থার বাজেটে অ-পরিচালন আয় ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের জন্য যথাক্রমে ৫.৩৯ কোটি ও ৫.০৭ কোটি টাকা প্রাক্কলনের পরিপ্রেক্ষিতে নিট মুনাফা ০.৭৮ কোটি ও ০.৪৯ কোটি টাকায় দাঁড়াবে মর্মে হিসাব করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে সংস্থার নিট মুনাফা ছিল ২.৫৮ কোটি টাকা।

### খ. জনবল

২০২২-২৩ অর্থবছরে কর্পোরেশনে মোট জনবলের সংখ্যা ছিল ৬২ জন। ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৪ - ২৫ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থায় মোট জনবলের সংখ্যা ৫৬ জন থাকবে বলে অনুমান করা হয়েছে। এ জনবলের বেতন-ভাতা বাবদ ২০২২ -২৩ অর্থবছরে ব্যয় হয়েছিল ১.৬৬ কোটি টাকা। এ খাতে ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩ - ২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ব্যয় হিসাব করা হয়েছে যথাক্রমে ২.২৭ কোটি ও ২.০৪ কোটি টাকা।

**প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি – বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।**

**বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)**

প্রতিষ্ঠানসমূহ

প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ , ২০২৪-২৫

**(লাখ টাকায়)**

| **বিবরণ** | বাজেট ২০২৪-২৫ | সংশোধিত বাজেট ২০২৩-২০২৪ | অনুমোদিত বাজেট ২০২৩-২০২৪ | প্রকৃত ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|
| **আর্থিক মুনাফা** | | | | |
| ১ . পরিচালনালব্ধ মুনাফা | −৪৫৭.৫৬ | −৪৬১.০৬ | −৪৭৫.৬১ | −২৪৪.৪৯ |
| ২ . অ-পরিচালন আয় (নীট) | ৫০৭.০০ | ৫৩৯.০০ | ৫৩৯.০০ | ৫০২.০০ |
| ৩ . শ্রমিক অংশীদারিত্ব তহবিলে দেয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . সুদ ও করপূর্ব মুনাফা | ৪৯.৪৪ | ৭৭.৯৪ | ৬৩.৩৯ | ২৫৭.৫১ |
| ৫ . মোট সম্পদের উপর মুনাফা % | ০.৫১ | ০.৮৮ | ০.৬৩ | ৩.২০ |
| ৬ . সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ . করপূর্ব মুনাফা/(লোকসান) | ৪৯.৪৪ | ৭৭.৯৪ | ৬৩.৩৯ | ২৫৭.৫১ |
| ৮ . কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . নীট মুনাফা/(লোকসান) | ৪৯.৪৪ | ৭৭.৯৪ | ৬৩.৩৯ | ২৫৭.৫১ |
| ১০ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ . সম-মূলধনের উপর লভ্যাংশ হার % | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২ . নিজস^ অর্থ যোগান অনুপাত | ১.০০ | ১.০০ | ১.০০ | ১.০০ |
| **তহবিলের উৎস** | | | | |
| ১৩ . করপূর্ব মুনাফা/(লোকসান) | ৪৯.৪৪ | ৭৭.৯৪ | ৬৩.৩৯ | ২৫৭.৫১ |
| ১৪ . অবচয় ও অন্যান্য | ১.৪৮ | ১.৬৪ | ১.৪৮ | ১.৬৪ |
| ১৫ . সরাসরি পরিচালন হইতে নগদ প্রাহ | ৫০.৯২ | ৭৯.৫৮ | ৬৪.৮৭ | ২৫৯.১৫ |
| ১৬ . মূলধন প্রাপ্তি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৭ . দীর্ঘমেয়াদি ঋণ প্রাপ্তি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮ . পরিচালনার স্থাবর সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯ . অন্যান্য স্থাবর সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০ . অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২১ . মোট তহবিল সংগ্রহ | ৫০.৯২ | ৭৯.৫৮ | ৬৪.৮৭ | ২৫৯.১৫ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ২২ . আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩ . পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৫ . পরিচালনার স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩.৩৫ | ০.০০ | ২.০০ | ০.০০ |
| ২৬ . অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পত্তিতে বিনিয়োগ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ . দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৮ . অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৯ . মোট তহবিল প্রয়োগ | ৩.৩৫ | ০.০০ | ২.০০ | ০.০০ |
| ৩০ . নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | ৪৭.৫৭ | ৭৯.৫৮ | ৬২.৮৭ | ২৫৯.১৫ |

**বাংলাদেশ পাট  কর্পোরেশন (বিলুপ্ত)**

প্রতিষ্ঠানসমূহ

প্রাক্কলিত স্থিতিপত্র  জুন ,**২০২৫** (লাখ টাকায়)

| বিবরণ | বাজেট<br>৩০ জুন<br>**২০২৫** | সংশোধিত<br>৩০ জুন<br>**২০২৪** | প্রকৃত<br>৩০ জুন<br>**২০২৩** |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ১৭৫০.০০ | ১৭৫০.০০ | ১৭৫০.০০ |
| ২. সংরক্ষিত তহবিল | ২৪১৬.৩৮ | ২৩৬৬.৯৪ | ২২৮৯.০০ |
| ৩. ইকুইটি | ৪১৬৬.৩৮ | ৪১১৬.৯৪ | ৪০৩৯.০০ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. চলতি দায় | ৫৫২৩.৪২ | ৪৭০৪.২১ | ৩৯৯৫.৮০ |
| ৬. মোট দায় | ৫৫২৩.৪২ | ৪৭০৪.২১ | ৩৯৯৫.৮০ |
| ৭. মোট তহবিল | ৯৬৮৯.৮০ | ৮৮২১.১৫ | ৮০৩৪.৮০ |
| **মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মুলধন অনুপাত | ৫৭ : ৪৩ | ৫৩ : ৪৭ | ৫০ : ৫০ |
| ৯. চলতি অনুপাত | ১.৭৩ : ১ | ১.৮৪ : ১ | ১.৯৭ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | ১.৭৩ : ১ | ১.৮৪ : ১ | ১.৯৭ : ১ |
| **সম্পত্তিসমূহ** | | | |
| ১১. কার্য পরিচালনার স্থাবর সম্পত্তি | ১৩৩৪.৮৭ | ১৩৩১.৫২ | ১৩৩১.৫২ |
| ১২. বাদ: পুঞ্জিভূত অবচয় | ১১৭৯.৭৯ | ১১৭৮.৩১ | ১১৭৬.৬৭ |
| ১৩. নীট পরিচালন স্থায়ী সম্পত্তি | ১৫৫.০৮ | ১৫৩.২১ | ১৫৪.৮৫ |
| ১৪. অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পত্তি | ০.১০ | ০.১০ | ০.১০ |
| ১৫. চলতি সম্পদ মজুদ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৬. -দেনাদার | ৩৭১১.২৮ | ৩৩৭৩.৮৯ | ৩০৬৭.১৭ |
| ১৭. -অন্যান্য | ৫৮২৩.৩৫ | ৫২৯৩.৯৫ | ৪৮১২.৬৮ |
| ১৮. -মোট চলতি সম্পদ | ৯৫৩৪.৬২ | ৮৬৬৭.৮৪ | ৭৮৭৯.৮৫ |
| ১৯. -মোট সম্পদ | ৯৬৮৯.৮০ | ৮৮২১.১৫ | ৮০৩৪.৮০ |
| **উৎপাদনশীলতার অনুপাত** | | | |
| ২০. মোট সম্পদের উৎপাদনশীলতা | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২১. চলতি মূলধনের উৎপাদনশীলতা | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২. মজুদ মালের উৎপাদনশীলতা | ০ | ০ | ০ |
| ২৩. নীট কার্যকরী মূলধন | ৪০১১.২০ | ৩৯৬৩.৬৩ | ৩৮৮৪.০৫ |
| ২৪. কার্যকরী মূলধনের পরিবর্তন | ৪৭.৫৭ | ৭৯.৫৮ | ০ |

**বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)**

প্রতিষ্ঠানসমূহ

কর্মীর বিবরণ

| কর্মীর সংখ্যা | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **কর্মীর শ্রেণী** | বাজেট 
২০২৪-২০২৫ | | | সংশোধিত বাজেট 
২০২৩-২০২৪ | | | প্রকৃত 
২০২২-২০২৩ | | বাজেট 
২০২৪-২০২৫ | | | |
| | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | প্রত্যাশিত সংখ্যা | অনুমোদিত পদ | বর্তমান সংখ্যা | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** | **১১** | **১২** | **১৩** |
| ১ . কর্মচারী (গ্রেড ১-৫) | ১৮ | ২ | ২ | ১৮ | ২ | ২ | ১৮ | ২ | ১৯.০০ | ১৭.৫০ | ৩৬.৫০ | ১,৮২৫,০০০ |
| ২ . কর্মচারী (গ্রেড ৬-৯) | ৯১ | ০ | ০ | ৯১ | ০ | ০ | ৯১ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৩ . কর্মচারী (গ্রেড ১০) | ২৬৮ | ০ | ০ | ২৬৮ | ০ | ০ | ২৬৮ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৪ . উপ-মোট (১+২+৩) | ৩৭৭ | ২ | ২ | ৩৭৭ | ২ | ২ | ৩৭৭ | ২ | ১৯.০০ | ১৭.৫০ | ৩৬.৫০ | ১,৮২৫,০০০ |
| ৫ . কর্মচারী(গ্রেড ১১-২০) | ২,৭৫১ | ৬ | ৬ | ২,৭৫১ | ৬ | ৬ | ২,৭৫১ | ৭ | ২৩.০০ | ২৪.৬৫ | ৪৭.৬৫ | ৭৯৪,১৬৭ |
| ৬ . দক্ষ শ্রমিক | ০ | ৪৮ | ৪৮ | ০ | ৪৮ | ৪৮ | ০ | ৫৩ | ১১০.০০ | ১০.০০ | ১২০.০০ | ২৫০,০০০ |
| ৭ . আধা-দক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৮ . অদক্ষ শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ৯ . অনিয়মিত শ্রমিক | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ১০ . উপ-মোট (৫+...+৮) | ২,৭৫১ | ৫৪ | ৫৪ | ২,৭৫১ | ৫৪ | ৫৪ | ২,৭৫১ | ৬০ | ১৩৩.০০ | ৩৪.৬৫ | ১৬৭.৬৫ | ৩১০,৪৬৩ |
| ১১ . মোট (৪+৯+১০) | ৩,১২৮ | ৫৬ | ৫৬ | ৩,১২৮ | ৫৬ | ৫৬ | ৩,১২৮ | ৬২ | ১৫২.০০ | ৫২.১৫ | ২০৪.১৫ | ৩৬৪,৫৫৪ |

**বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)**

প্রতিষ্ঠানসমূহ

কর্মীর বিবরণ

| বেতন ও ভাতাদি (লাখ টাকায়) | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সংশোধিত বাজেট ২০২৩-২০২৪ | | | | অনুমোদিত বাজেট ২০২৩-২০২৪ | | | | প্রকৃত ২০২২-২০২৩ | | | |
| মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) | মূল বেতন | ভাতাদি | মোট বেতন ও ভাতাদি | কর্মী প্রতি গড় (টাকা) |
| **১৪** | **১৫** | **১৬** | **১৭** | **১৮** | **১৯** | **২০** | **২১** | **২২** | **২৩** | **২৪** | **২৫** |
| ১৯.০০ | ১৭.৫০ | ৩৬.৫০ | ১৮২৫০০০ | ১৯.০০ | ১৭.৫০ | ৩৬.৫০ | ১৮২৫০০০ | ৭.৬৫ | ৬.৬৬ | ১৪.৩১ | ৭১৫৫০০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ১৯.০০ | ১৭.৫০ | ৩৬.৫০ | ১৮২৫০০০ | ১৯.০০ | ১৭.৫০ | ৩৬.৫০ | ১৮২৫০০০ | ৭.৬৫ | ৬.৬৬ | ১৪.৩১ | ৭১৫৫০০ |
| ২৮.০০ | ৩০.০০ | ৫৮.০০ | ৯৬৬৬৬৭ | ২৩.০০ | ২৪.৬৫ | ৪৭.৬৫ | ৭৯৪১৬৭ | ২৬.৩২ | ১৯.৮০ | ৪৬.১২ | ৬৫৮৮৫৭ |
| ১২০.০০ | ১২.০০ | ১৩২.০০ | ২৭৫০০০ | ১১০.০০ | ১০.০০ | ১২০.০০ | ২৫০০০০ | ৯৪.৯৪ | ১০.৭১ | ১০৫.৬৫ | ১৯৯৩৪০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০ |
| ১৪৮.০০ | ৪২.০০ | ১৯০.০০ | ৩৫১৮৫২ | ১৩৩.০০ | ৩৪.৬৫ | ১৬৭.৬৫ | ৩১০৪৬৩ | ১২১.২৬ | ৩০.৫১ | ১৫১.৭৭ | ২৫২৯৫০ |
| ১৬৭.০০ | ৫৯.৫০ | ২২৬.৫০ | ৪০৪৪৬৪ | ১৫২.০০ | ৫২.১৫ | ২০৪.১৫ | ৩৬৪৫৫৪ | ১২৮.৯১ | ৩৭.১৭ | ১৬৬.০৮ | ২৬৭৮৭১ |

## বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)

### খাতওয়ারি তফসিলের বর্ণনা

**তফসিল-ক**

**প্রশাসনিক ব্যয়** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০২৪-২৫ | সংশোধিত ২০২৩-২৪ | অনুমোদিত ২০২৩-২৪ | সাময়িক ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৩১১১১০১ | কর্মচারীদের মূল বেতন (গ্রেড-২-৪) | ১০.০০ | ১০.০০ | ১৯.০০ | ০.৪২ |
| ২. | ৩১১১৩১৩ | অন্যান্য ভাতা (গাড়ি) | ৪.০০ | ৪.০০ | ৪.০০ | ০.০০ |
| ৩. | ৩১১১২০১ | মূল বেতন ( গ্রেড-৮-১৬) | ২০.০০ | ২০.০০ | ২৩.০০ | ১৭.০০ |
| ৪. | ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | ০.১৬ | ০.১৬ | ০.২০ | ৮.০০ |
| ৫. | ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ১.১০ | ১.১০ | ১.৫০ | ১.০৮ |
| ৬. | ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা | ১২.০০ | ১২.০০ | ২০.০০ | ৯.২১ |
| ৭. | ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. | ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ৪.০০ | ৪.০০ | ৮.০০ | ২.৮০ |
| ৯. | ৩২১১৩০৬ | আপ্যায়ন ব্যয় | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ১.৫০ |
| ১০. | ৩১১১৩২৭ | অধিকাল ভাতা | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ১.৮৩ |
| ১১. | ৮১১২১০১ | ভবিষ্য তহবিলের অনুদান | ৪.০০ | ৪.০০ | ৪.০০ | ৫.৭৮ |
| ১২. | ৩৭৩১১০১ | আনুতোষিক | ৩০.০০ | ৩০.০০ | ২৫.০০ | ১৩.০০ |
| ১৩. | ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.০০ |
| ১৪. | ৩১১১৩১৪ | টিফিন ভাতা | ০.১০ | ০.১০ | ০.১৫ | ০.১২ |
| ১৫. | | ছুটি নগদায়ন (কর্মচারী) | ৮.০০ | ৮.০০ | ৪.০০ | ৩.৬৮ |
| ১৬. | ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ১.১৩ |
| ১৭. | ৩৮২১১০২ | ভূমি উন্নয়ন কর | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ১.৫০ |
| ১৮. | ৩৮২১১০৩ | পৌর কর | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ২২.৭০ |
| ১৯. | ৩১১১৩২৬ | ভ্রমণ ভাতা | ৭.০০ | ৭.০০ | ৭.০০ | ১.৫৮ |
| ২০. | ৩২১১১১৩ | বিদ্যুৎ | ৪.০০ | ৪.০০ | ৪.০০ | ১.০০ |
| ২১. | ৩২৫৬১০৬ | পোশাক | ০.০০ | ০.০০ | ১.০০ | ০.০০ |
| ২২. | ৩২১১১১৯ | ডাক ও তার | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.১৫ |
| ২৩. | ৩২১১১২০ | টেলিফোন | ১.০০ | ০.৭৫ | ১.০০ | ০.৫০ |
| ২৪. | ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ০.১১ |
| ২৫. | ৩২১১১১০ | আইন ও আদালত খরচ | ৩০.০০ | ৩০.০০ | ৩০.০০ | ২.৩৪ |
| ২৬. | ৩২২১১০১ | নিরীক্ষা/সমীক্ষা ফি | ৩.০০ | ৫.০০ | ৫.০০ | ০.০০ |
| ২৭. | ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | ০.৫০ | ০.২৫ | ০.৫০ | ০.১৩ |
| ২৮. | ৩১১১৩২৮ | শ্রান্তি ও বিনোদন ভাতা | ০.০০ | ০.০০ | ২.০০ | ০.০০ |
| ২৯. | ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানী | ৪.০০ | ৪.০০ | ৪.০০ | ০.৭৬ |
| ৩০. | ৩২৫৮১০৮ | অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত | ২.০০ | ২.০০ | ২.০০ | ০.০০ |
| ৩১. | ৩২৫৮১০১ | মোটরযান মেরামত | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ১.৪৩ |
| ৩২. | ৩৭২১১০২ | কল্যাণ অনুদান | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.১৫ |
| ৩৩. | ৩২৫৭২০৬ | সম্মানী | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ২.৫০ |
| | | **উপ-মোট=** | **২৫৬.১১** | **২৫৭.৬১** | **২৭৬.৬০** | **১০০.৪০** |

## বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)

**প্রধান কার্যালয়, ঢাকা।**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০২৪-২৫ | সংশোধিত ২০২৩-২৪ | অনুমোদিত ২০২৩-২৪ | সাময়িক ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|
| ৩৪. | ৩১১১৩২৬ | জীবনবীমা | ০.০০ | ০.০০ | ৩.০০ | ০.০০ |
| ৩৫. | ৩২৪৪১০২ | বদলী ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৬. | ৩২১১১০১ | শ্রমিক মজুরী (বেতন) | ১১০.০০ | ১১০.০০ | ১১০.০০ | ৯৩.৫৮ |
| ৩৭. | ৩২১১১২৯ | অফিস ভবন ভাড়া | ৭০.০০ | ৭৫.০০ | ৫০.০০ | ৪১.০০ |
| ৩৮. | ৩৮২১১১৬ | বীমা | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.২২ |
| ৩৯. | ৩২২১১০৮ | ব্যাংক চার্জ | ৫.০০ | ৩.৫০ | ০.৫০ | ৪.৭০ |
| ৪০. | ৩২৫৮১০৪ | অফিস সরঞ্জামাদি | ৪.০০ | ৩.০০ | ৩.০০ | ২.৪১ |
| ৪১. | ৩১১১৩২৯ | প্রশিক্ষণ ভাতা | ২.০০ | ২.০০ | ২.০০ | ০.৮৪ |
| ৪২. | ৮১১৩২০১ | অবচয় সঞ্চিতি | ১.৬৫ | ১.৬৫ | ১.৬৫ | ০.০০ |
| ৪৩. | ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | ০.৩০ | ০.৩০ | ১.০০ | ০.৩০ |
| ৪৪. | ৩২১১১৩১ | শ্রমিক মজুরী (বোনাস) | ০.০০ | ০.০০ | ৮.০০ | ০.০০ |
| ৪৫. | ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | ১.০০ | ১.০০ | ২.০০ | ০.২৮ |
| ৪৬. | ৩২৩১১০১ | বৈদেশিক ভ্রমণ ব্যয় | ০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০০ |
| ৪৭. | ৩২১১১৩০ | যানবাহন ভাড়া | ১.০০ | ০.৫০ | ১.০০ | ০.০০ |
| ৪৮. | ৩১১১৩১২ | মোবাইল/সেলফোন ভাতা | ০.০০ | ০.০০ | ০.৩৬ | ০.০০ |
| ৪৯. | ৩২৬৮১০২ | আসবাবপত্র মেরামত | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ০.০০ |
| ৫০. | ৩২২১১০৯ | ব্যবস্থাপনা ব্যয় | ৩.০০ | ৩.০০ | ৩.০০ | ০.৭৬ |
| | | **উপ-মোট=** | **২০১.৪৫** | **২০৩.৪৫** | **১৯৯.০১** | **১৪৪.০৯** |
| | | **মোট=** | **৪৫৭.৫৬** | **৪৬১.০৬** | **৪৭৫.৬১** | **২৪৪.৪৯** |

দৈনিক ভিত্তিক প্রহরী/কর্মচারীর মজুরি ও উৎসব বোনাস খাতের অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারি প্রচলিত নিয়ম নীতি অনুসরণ করতে হবে।

## বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)

**তফসিল-খ**

**পরিচালন স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০২৪-২৫ | সংশোধিত ২০২৩-২৪ | অনুমোদিত ২০২৩-২৪ | সাময়িক ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৪১১২১০১ | গাড়ি ক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. | | আসবাবপত্র ক্রয় | ০.০০ | ০.০০ | ২.০০ | ০.০০ |
| ৩. | | কম্পিউটার সরঞ্জামাদি (সফটওয়ারসহ) | ৩.৩৫ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | | **মোট** | **৩.৩৫** | **০.০০** | **২.০০** | **০.০০** |

## বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)

**প্রধান কার্যালয়, ঢাকা।**

**তফসিল-গ**

**বিক্রিত/বিক্রয়তব্য সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ** (লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অর্থনৈতিক কোড | মোট সম্পত্তির পরিমাণ | মোট সম্পত্তি বিক্রয়ের পরিমাণ | বিক্রিত অর্থ | অবিক্রিত সম্পত্তির পরিমাণ | অবিক্রিত সম্পত্তির মুল্যায়িত দর |
|---|---|---|---|---|---|---|
| ১. | | **৬৮৫.৮৪৬২৫ একর** | ৩৯০.৬৬৬৬ একর | **১৮৪.২৪ কোটি টাকা** | ২৯৫.১৭৯৬৫ একর | মূল্যায়িত ৯০টি সম্পত্তির দর ৭৮০.২২ কোটি টাকা বিক্রিযোগ্য অবশিষ্ট সম্পত্তির মূল্যায়ন প্রক্রিয়াধীন। |